

অভিবাসী নিউ ইয়র্কবাসীদের মধ্যে মাতৃ স্বাস্থ্য সেবা¹

গর্ভাবস্থার পূর্বে, চলাকালীন এবং এর পরে স্বাস্থ্য সেবা পেলে তা নারীদের জন্য² অপেক্ষাকৃত সুস্থ গর্ভধারণ ও সন্তান প্রসব অভিজ্ঞতা এবং সেই সাথে গর্ভাবস্থার পরে তাদের স্বাস্থ্য ঠিক রাখার সক্ষমতা নিয়ে আসে। কিন্তু বর্তমান Medicaid নিয়মগুলো অভিবাসন অবস্থার উপর ভিত্তি করে নারীদের গর্ভাবস্থার আগে ও পরে তাদের স্বাস্থ্য সেবার উপলব্ধতাকে সীমিত করে।

যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী নারীদের তুলনায় যে নারীরা অভিবাসী তাদের:

- পারিবারিক চিকিৎসক বা নারীরোগ বিশেষজ্ঞ/ধাত্রীবিদ্যা বিশেষজ্ঞের (obstetrician/gynecologist, OB/GYN) সাথে দেখা করার **সম্ভাবনা কম**
- গর্ভাবস্থা চলাকালীন বা তার পরে দাঁতের চিকিৎসা পাওয়ার **সম্ভাবনা কম**
- সন্তান প্রসবের পর স্বাস্থ্য বিমা হারানোর **সম্ভাবনা বেশি**

যে নারীরা অভিবাসী তাদের ক্ষেত্রে মাতৃ স্বাস্থ্য সেবার উপলব্ধতাও কম হতে পারে যদি তারা:

- পাঁচ বছরের কম সময় ধরে যুক্তরাষ্ট্রে বাস করে থাকেন
- মধ্য আমেরিকা, দক্ষিণ আমেরিকা, সাব-সাহারান আফ্রিকা বা দক্ষিণ এশিয়া থেকে অভিবাসন নিয়ে থাকেন



আপনি নিজের ও নিজ ও সম্প্রদায়ের জন্য কী করতে পারেন?

নিচের পরিষেবা ও প্রকল্পগুলোর মাধ্যমে গর্ভাবস্থার আগে, গর্ভাবস্থা চলাকালীন ও তার পরে স্বাস্থ্য সেবাসমূহ পাওয়া সম্পর্কে আরো জানুন:

- অভিবাসন অবস্থা বা অর্থ ব্যয়ের ক্ষমতা নির্বিশেষে NYC তে স্বাস্থ্য সেবা পেতে আপনার অধিকার সম্পর্কে তথ্যের জন্য **nyc.gov** ভিজিট করুন এবং **"Everyone Can Get Health Care Services in NYC" (প্রত্যেকেই NYC তে স্বাস্থ্য সেবা পরিষেবা পেতে পারে)** লিখে অনুসন্ধান করুন।
- অভিবাসী বা গর্ভবতী নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্য বিমা বিকল্পসমূহ সম্পর্কে জানতে **nyc.gov/ochia** ভিজিট করুন এবং **"immigrants" (অভিবাসী)** অথবা **"pregnant" (গর্ভবতী)** লিখে অনুসন্ধান করুন।
- স্বাস্থ্য বিমায় যুক্ত হতে সাহায্যের জন্য **nyc.gov/health** ভিজিট করুন এবং **"health insurance enrollment support" (স্বাস্থ্য বিমায় যুক্ত হতে সহায়তা)** লিখে অনুসন্ধান করুন।
- জন্মদানকালে সম্মানজনক সেবা সম্পর্কে NYC এর মানদণ্ডসমূহ (NYC Standards for Respectful Care at Birth) সম্পর্কে জানতে **nyc.gov/health** এ যান এবং **"respectful care at birth" (জন্মদানকালে সম্মানজনক সেবা)** লিখে অনুসন্ধান করুন।
- সম্প্রতি এসে পৌঁছেছেন এমন অভিবাসী বা শরণার্থীদের জন্য পরিষেবা পেতে **nyc.gov** এ যান এবং **"Services for Recently Arrived Immigrants" (সম্প্রতি এসে পৌঁছানো অভিবাসী)** লিখে অনুসন্ধান করুন।
- বিনামূল্যের, নিরাপদ অভিবাসী আইনী সহায়তা পেতে **nyc.gov** এ যান এবং **"actionNYC"** লিখে অনুসন্ধান করুন বা 800-354-0365 এ কল করুন।
- আপনার সম্প্রদায়কে প্রভাবিত করবে এবং এই স্বাস্থ্যগত ফলাফলসমূহকে উন্নত করবে এমন নীতিমালাসমূহের জন্য কীভাবে সমর্থন জানাতে হবে তা সম্পর্কে আরো জানুন, **everymothercounts.org/advocacytoolkit** ভিজিট করুন।
- নিউ ইয়র্ক সিটির প্রকল্পসমূহের জন্য স্বাস্থ্য তথ্য (Health Data for New York City) সম্পর্কে জানতে **nyam.org/hd4nyc/our-work** ভিজিট করুন।

¹এই ফ্লায়ারে নিউ ইয়র্ক সিটি গবেষণা প্রকল্পের জন্য নিম্নলিখিত স্বাস্থ্য তথ্য থেকে পাওয়া ফলাফলসমূহ ব্যবহার করা হয়েছে, যে প্রকল্পটি এই উৎস থেকে পাওয়া তথ্য ব্যবহার করেছে: গর্ভাবস্থায় ঝুঁকি নির্ধারণ মনিটরিং ব্যবস্থা (Pregnancy Risk Assessment Monitoring System, NYC PRAMS), 2016-2018: Maru S, Glenn L, Belfon K, et al. Utilization of maternal health care among immigrant mothers in New York City, 2016-2018. *J Urban Heal*. 2021. <https://doi.org/10.1007/s11524-021-00584-5>

²জরিপে অংশগ্রহণকারীদের কাছে তাদের লৈঙ্গিক পরিচয় জানতে চাওয়া হয়নি; এই সীমাবদ্ধতার কারণে এই ফ্লায়ারে "নারী" ও "মাতৃ" শব্দগুলো এমন সকল ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে যারা গর্ভধারণে সক্ষম।